

৪ দাবিতে ফেল করা শিক্ষার্থীদের আন্দোলনের ঘোষণা

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

সদ্য প্রকাশিত ২০২৫ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষার

ফলাফলে নজিরবিহীন ধসের প্রতিবাদে আন্দোলনে নামার ঘোষণা

দিয়েছে ফেল করা ও আশানুরূপ ফল না পাওয়া শিক্ষার্থীরা। চার

দফা দাবিতে তারা আগামীকাল রবিবার (১৯ অক্টোবর) সকাল

১১টার দিকে ঢাকা শিক্ষা বোর্ডের সামনে গণজমায়েতের আহ্বান

জানিয়েছে। এ উপলক্ষে সামাজিক যোগাযোগ মাধ্যমে ইতিমধ্যে

ব্যাপক প্রচারণা চালানো হচ্ছে।

চলতি বছর ১১টি শিক্ষা বোর্ডে পাসের হার দাঁড়িয়েছে ৫৮ দশমিক

৮৩ শতাংশ, যা গত ২১ বছরে সর্বনিম্ন।

এর আগে ২০০৪ সালে পাসের হার ছিল ৪৭ দশমিক ৭৪

শতাংশ। শুধু পাসের হার নয়, জিপিএ-৫ প্রাপ্তিসহ ফলের সব

সূচকেই এবার ব্যাপক ধস নেমেছে। এই ফল বিপর্যয়ের পরই

শিক্ষার্থীরা আন্দোলনে নামার ঘোষণা দেন। তবে আন্দোলনের মূল

আয়োজকদের বিস্তারিত পরিচয় এখনো জানা যায়নি।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনী সতর্ক অবস্থানে

রয়েছে বলে জানা গেছে।

শিক্ষার্থীদের চার দফা দাবি হলো—

১. সাপ্লিমেন্টারি পরীক্ষার ব্যবস্থা করা : ফল খারাপ হওয়া

শিক্ষার্থীদের জন্য দ্রুত সাপ্লিমেন্টারি পরীক্ষার আয়োজন করা।

২. খাতা পুনর্মূল্যায়ন : বোর্ড চ্যালেঞ্জের ক্ষেত্রে কেবল খাতা

পুনর্নিরীক্ষণ নয়; বরং খাতার পূর্ণাঙ্গ পুনর্মূল্যায়ন করা এবং ১০০

নম্বরের সব অংশ (এমসিকিউ, সিকিউ, প্র্যাকটিক্যাল) রিচেক

করা।

৩. নম্বর বিভাজন প্রদর্শন : ফেল করা বিষয়ের নম্বর সব অংশসহ

(এমসিকিউ, সিকিউ, প্র্যাকটিক্যাল) আলাদাভাবে মার্কশিটে

প্রদর্শন করা।

৪. সম্মিলিত পাসের ব্যবস্থা : সিকিউ ও এমসিকিউ মিলিয়ে

সম্মিলিতভাবে পাসের ব্যবস্থা চালু করা।

শিক্ষার্থীরা মনে করছেন, এই অস্বাভাবিক ফল বিপর্যয়ের কারণে

অসংখ্য শিক্ষার্থীর উচ্চশিক্ষার স্বপ্ন এবং ভবিষ্যৎ অনিশ্চয়তার মুখে

পড়েছে, যার প্রতিকার চেয়েই তারা এই আন্দোলনের ডাক

দিয়েছেন।

